বিএনপি-জামায়াত নব্য হানাদার হিসেবে আবির্ভূত হয়েছে: তথ্যমন্ত্রী

চেম্বার ডেস্ক: বিএনপি-জামায়াত নব্য হানাদার হিসাবে আবির্ভূত হয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ।

আজ শনিবার (১৬ ডিসেম্বর) মহান বিজয় দিবস উপলক্ষ্যে ধানমন্ডি বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে আওয়ামী লীগের শ্রদ্ধা শেষে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, আমরা আরও বহুদূর এগিয়ে যেতে পারতাম। আজকের ধ্বংসাত্মক রাজনীতি শুরু হয়েছে। পাকিস্তানি হানাদার বাহিনী যেমন নিরস্ত্র বাঙালিদের ওপর হামলা চালিয়ে হত্যা করেছে। আজকের নব্য হানাদার হিসাবে আবির্ভূত হয়েছে বিএনপি। তারা আজকে সাধারণ মানুষের ওপর পেট্রোলবোমা নিক্ষেপ করছে, সাধারণ মানুষকে জিম্মি করছে, গাড়িতে আগুন দিচ্ছে। নব্য হানাদার হিসেবে রূপান্তরিত হয়েছে বিএনপি-জামায়াত।
আওয়ামী লীগের এই যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ২৫ মার্চ এই ভবন থেকে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা করেন। এই ভবন থেকে বাংলাদেশের স্বাধীনতার সংগ্রামের নেতৃত্ব দিয়েছেন। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল একটি উন্নত সমৃদ্ধ রাষ্ট্র গঠন করা। স্বাধীনতা সাড়ে তিন বছরের মাথায় বঙ্গবন্ধুকে হত্যা করা হয়। বঙ্গবন্ধু সেই স্বপ্ন বাস্তবায়ন করে যেতে পারেননি। আজকে বঙ্গবন্ধুর কন্যা শেখ হাসিনার নেতৃত্বে বঙ্গবন্ধু স্বপ্ন পূরণের বহুদূরে গিয়েছি।
তিনি বলেন, আজকে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে মধ্যম আয়ের দেশে উন্নত হয়েছে। খাদ্য ঘাটতির দেশ থেকে খাদ্য উদ্বৃত্তের দেশে পরিণত হয়েছে। বাংলাদেশ আজকে উন্নয়নের রোল মডেল হিসেবে পৃথিবীর সামনে উপস্থাপিত হয়। বাংলাদেশ পৃথিবীর ৪১তম অর্থনৈতিক দেশ হিসেবে রূপান্তরিত হয়েছে।
হাছান মাহমুদ বলেন, বিএনপি-জামায়াতের এই অপরাজনীতি যদি না থাকত বাংলাদেশ বহুদূর এগিয়ে যেতে। বাংলাদেশকে স্বপ্নের ঠিকানা নিয়ে যেতে হলে। এই অপরাধনীতি এবং এই অপরাধনীতি যারা করে তাদের নির্মূল

□□□□ □□□□